**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 12 Sep. 26** **TIME: 7:35 AM**

---

শিলচর পৌর নিগম নির্বাচনের মনোনয়নপত্র দাখিল প্রক্রিয়া গতকাল শেষ হয়েছে । মোট ৪২ টি ওয়ার্ডের মনোনীত প্রার্থীরা সরকারী বালক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে পৃথক পৃথক কক্ষে তাঁদের মনোনয়নপত্র দাখিল করেন ।ভারতীয় জনতা পার্টী সহ মিত্রজোঁট অসম গণপরিষদ , কংগ্রেস দলের প্রার্থীরা শোভাযাত্রার মাধ্যমে মনোনয়নপত্র দাখিল করেন । শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠ থেকে বিজেপি মনোনীত প্রার্থী এবং ইন্দিরা ভবন থেকে কংগ্রেস দলের প্রার্থীরা হাতে দলীয় পতাকা নিয়ে শোভাযাত্রার মাধ্যমে মনোনয়নপত্র দাখিল করেন । এদিকে বিজেপি এবং কংগ্রেস দলের বহু টিকিট প্রত্যাশী দলের প্রার্থীত্ব লাভ না করায় তাদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয় এবং বেশ কয়েকজন প্রার্থী নির্দল প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দেন ।

উল্লেখ্য আগামী ১৪ ই সেপ্টেম্বর মনোনয়নপত্র পরীক্ষা করা হবে এবং ১৭ সেপ্টেম্বর বিকেল তিনটে পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করা যাবে । তেসোরা

অক্টোবর সকাল সাড়ে ৭ টা থেকে বিকেল ৪ টে পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে । ৬ অক্টোবর ভোট গণনা করা হবে ।

---

দেশের বিভিন্ন প্রান্তে আজ চলতি বছরের তৃতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতের মাধ্যমে দেওয়ানী , আপোস বিহীন ফৌজদারী মামলা , চেক বাউন্স , বৈবাহিক তথা পারিবারিক বিবাদ , মোটর দুর্ঘটনার ক্ষতিপূরণ , বেংক ঋণ এবং বিদ্যুৎ সম্পর্কীত মামলার সহ প্রাক আদালত পর্যায়ের বিবাদ নিষ্পত্তি করা হবে । এর অংশ হিসেবে আজ হাইলাকান্দি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে হাইলাকান্দি জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে ।নাগরিকরা প্রাক মামলা সংক্রান্ত বিরোধের পাশাপাশি বর্তমানে আদালতে বিচারাধীন মামলাও এখানে নিষ্পত্তি করতে পারবেন ।

---

রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য নেশা মুক্ত ও ড্রাগসমুক্ত ভারত অভিযানে অংশ নিতে আগামী ১৮ সেপ্টেম্বর শ্রীভূমি সফরে আসছেন । কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রণালয়ের ধ্বজাবাহী প্রকল্প নেশা মুক্ত ভারত অভিযানের অধীনে নেশা মুক্ত ও ড্রাগস মুক্ত ভারত গড়ে তুলতে রাজ্য সরকারের উদ্যোগে সমগ্র রাজ্যজুড়ে ১৭ সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত  যে সচেতনতা অভিযান চালানো হবে তাতে অংশ নিতে রাজ্যপাল শ্রীভূমি জেলায় আসছেন । এই অভিযানের অঙ্গ হিসেবে রাজ্যের নির্বাচিত ১০ টি জেলায় নেশামুক্ত ভারত অভিযানের বার্তাকে আরো সুদৃঢ় করতে পদযাত্রা সহ সচেতনতা সভার আয়োজন করা

হয়েছে । এদিকে এই পদযাত্রার কর্মসূচী স্থির করতে আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে ভারপ্রাপ্ত জেলা উন্নয়ন আয়ুক্ত এল খিংতের পৌরহিত্যে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । এই কর্মসূচীকে সফল করে তুলতে  সভায় জেলা প্রশাসন থেকে সংশ্লিষ্ট বিভাগগুলিকে দায়িত্ব সমঝে দেওয়া হয়েছে ।

................................................................................................

শ্রীভূমি জেলার মহিলা ও শিশু উন্নয়ন বিভাগের উদ্যোগে জেলায় গত বুধবার থেকে জাতীয় পোষণ মাস পালন করা হচ্ছে । এ বছরের পোষণ মাসের বিষয়বস্তু হচ্ছে ‘ হমারি অঙ্গনওয়াড়ি হমারি জিম্মেদারি ’। এই কার্যসূচীর অঙ্গ হিসেবে আগামী ১৭ ই সেপ্টেম্বর পর্যন্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলোতে পোষণ  মেলা , পুষ্টিকর ও স্থানীয় খাদ্যের প্রদর্শন ইত্যাদির আয়োজন করা হয়েছে । ১৮ থেকে ২২ শে সেপ্টেম্বর পর্যন্ত গর্ভবতী মহিলা ও স্তন্যপান করানো মা এবং শিশুদের জন্য পুষ্টি সমৃদ্ধ গরম রান্না করা খাবার প্রস্তুতের পদ্ধতি নিয়ে কার্যসূচী চলবে ।২৩ থেকে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত অঙ্গনওয়াড়ি পরিচালন কমিটি পুনরগঠন , তিথি ভোজন , পোষণ চ্যাম্পিয়ন বাছাই ইত্যাদি চলবে । ৩০ শে সেপ্টেম্বর থেকে চৌঠা অক্টোবর পর্যন্ত শিশুদের বৃদ্ধি , অপুষ্টি শনাক্তকরণ,৫ থেকে ৮ অক্টোবর পর্যন্ত প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনার অধীনে গর্ভবতী মহিলা ও স্তন্যপান করানো মায়েদের বিশেষ নিবন্ধন অভিযান চালানো হবে ।

................................................................................................

আসাম রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ এবং গৌহাটী হাইকোর্ট মেডিয়েশন সেন্টারের নির্দেশনায় কাছাড় জেলা আইনসেবা কর্তৃপক্ষ মধ্যস্ততার মাধ্যমে বিচারাধীন মামলাগুলির নিষ্পত্তির লক্ষ্যে # মেডিয়েশন ফর নেশন

তৃতীয় পর্যায় --- মেডিয়েশনের মাধ্যমে বিচারাধীন মামলার নিষ্পত্তির জন্য মধ্যস্ততা অভিযানের # বিশেষ কার্যসূচী আরম্ভ করছে ।
এই অভিযানের সময় উপযুক্ত বিচারাধীন মামলাগুলি চিহ্নিত করে মধ্যস্ততার জন্য বাছাই করা হবে । এই অভিযান আগামী পয়লা অক্টোবর থেকে শুরু হয়ে ৩১শে ডিসেম্বর পর্যন্ত চলবে । কাছাড় জেলা আইনসেবা কর্তৃপক্ষ সকল মামলাকারী , আইনজীবি ও জনসাধারণের প্রতি এই অভিযানে সক্রিয়ভাবে সহযোগীতা করা সহ মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য মধ্যস্ততার সুবিধা গ্রহণ করার আবেদন জানিয়েছে ।

---

বরাক ভ্যালী চা যুব কল্যান সমিতির উদ্যোগে এবং শিলচর ইন্ডিয়া ক্লাবের ১২৫ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত সন্তোষ মোহন দেব স্মৃতি অনুর্ধ-১৯ নক আউট প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার উধারবন্দ জোনের গতকাল দ্বিতীয় সেমি-ফাইনালের খেলায় কুম্ভীরগ্রাম চা বাগান ফুটবল দল ৪-০ গোলের ব্যবধানে বরশিঙ্গা চা বাগান ফুটবল দলকে পরাজিত করেছে । খেলায় সেরা খোলায়াড় নির্বাচিত হয়েছেন কৌশিক বাগদী ।

বরশিঙ্গা চা বাগানের খেলার মাঠে আগামীকাল অনুষ্ঠেয় ফাইনাল খেলায় কুম্ভীরগ্রাম চা বাগান ফুটবল দল এবং লক্ষীপুর ল্যান্ডলোর্ড ক্লাব পরস্পরের মূখোমূখী হবে ।

---